গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা
www.doict.gov.bd

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ২০২৪-২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) ১ম কোয়ার্টার (জুলাই২০২৪-সেপ্টেম্বর২০২৪) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের (Stakeholders) অংশগ্রহণ সভার কার্যবিবরণী প্রসঙ্গে।**

---

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ আনোয়ার উদ্দিন<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ৩০ সেপ্টেম্বর ২০২৪ খ্রি. |
| সভার সময় | বিকাল ০৪:০০ মিনিট |
| স্থান | অনলাইন জুম প্লাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ২০২৪-২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের (Stakeholders) সাথে ১ম কোয়ার্টার (জুলাই ২০২৪-সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত) এর সভা গত ৩০ সেপ্টেম্বর/২০২৪ খ্রি মাসের সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করার জন্য সদস্য সচিবকে অনুরোধ করেন। সদস্য-সচিব ২০২৪-২০২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন।

২.০ বিস্তারিত আলোচনান্তে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের সাথে ত্রৈমাসিক ভিত্তিতে ১ম কোয়ার্টার (জুলাই ২০২৪-সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত) সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত/সুপারিশ গৃহীত হয়:

(ক) আলোচনা ও সিদ্ধান্ত

| ক্রম. নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|

| | | |
|---|---|---|
| ১ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক মহোদয় তাঁর স্বাগত বক্তব্যে বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত একটি মাস্টার প্ল্যান যার একটি সুনির্দিষ্ট নীতি রয়েছে এবং যার মাধ্যমে সরকারি অফিসে সবোচ্চ সুশাসন প্রতিষ্ঠিত হয়। অত্র অধিদপ্তরের জেলা কার্যালয়, উপজেলা কার্যালয় এবং প্রকল্প থেকে যে সেবা হয় তার মান যেন সন্তোষজনক হয় এবং যারা সেবা নিচেছ তারা যেন সন্তুষ্ট থাকে মর্মে আলোচনা হয়। এছাড়া তিনি বলেন শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত গুড গভর্ন্যান্স নিশ্চিত করতে হবে। সরকারি টাকার যথাযথ ব্যবহার নিশ্চিত করার পাশাপাশি স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়। | সরকারি অফিসে সর্বোচ্চ সুশাসন প্রতিষ্ঠা করতে হবে। অধিদপ্তরের জেলা কার্যালয়, উপজেলা কার্যালয় এবং প্রকল্প থেকে যে সেবা দেয়া হয় তার মান সন্তোষজনক করতে হবে। শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত গুড গভর্ন্যান্স নিশ্চিত করতে হবে। সরকারি টাকার যথাযথ ব্যবহার নিশ্চিত করার পাশাপাশি স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। |
| ২ | জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনার ২০২৪-২৫ অর্থবছরে নৈতিকতা কমিটির সভা আয়োজন ও বাস্তবায়ন, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা, শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, কর্ম-পরিবেশ উন্নয়ন, মাঠ পর্যায়ের দাখিলকৃত শুদ্ধাচার কৌশল মূল্যায়ন, ক্রয় পরিকল্পনা, বাজেট বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনার ২০২৪-২৫ অর্থবছরের সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। |
| ৩ | সিটিজেন চার্টার এবং RTI সংক্রান্ত: এ অধিদপ্তরের সিটিজেন চার্টার এবং RTI বাস্তবায়ন কার্যক্রম সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এ অধিদপ্তরের সিটিজেন চার্টার এবং RTI বাস্তবায়ন কার্যক্রম মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রেরিত নির্দেশিকা, ২০২৪-২৫ অনুসরণপূর্বক বাস্তবায়ন করতে হবে। |
| ৪ | GRS সংক্রান্ত: নাগরিক/দাপ্তরিক অভিযোগ GRS এর মাধ্যমে প্রাপ্ত অভিযোগ সমূহ নিয়ে আলোচনা করা হয়। | নাগরিক/দাপ্তরিক অভিযোগ GRS এর মাধ্যমে দ্রুত নিস্পত্তি করতে হবে। |

**(খ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ২০২৪-২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনার ১ম কোয়ার্টার (**জুলাই ২০২৪-সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত) **বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**

| ক্র:নং | কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | ২০২৪-২৫ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|---|
| ১ | ১.১. নৈতিকতা কমিটির সভা আয়োজন | ১.১.১. সভা আয়োজিত | ৪টি সভা | ১টি সভা আয়োজিত |
| ২ | ১.২. নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ১.২.১. বাস্তবায়িত সিদ্ধান্ত | ১০০ | ১ম সভার সিদ্ধান্ত বাস্তবায়িত |
| ৩ | ১.৩. সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | ১.৩.১. অনুষ্ঠিত সভা | ৪টি সভা | ১টি সভা আয়োজিত |
| ৪ | ১.৪. শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ | ১.৪.১. প্রশিক্ষণপ্রাপ্ত কর্মচারী | ৭০ জন করে ২টি ব্যাচ | প্রশিক্ষণের কার্যক্রম শুরু করা হবে। |
| ৫ | ১.৫. কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি) | ১.৫.১. উন্নত কর্ম-পরিবেশ সংযুক্তি (১) | ২টি | ২৯-১২-২০২৪ ও ২৯-০৫-২০২৫ তারিখে সম্পন্ন করা হবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | ১.৬. আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | ১.৬.১. ফিডব্যাক প্রশিক্ষণ/কর্মশালা অনুষ্ঠিত | ৩টি ফিডব্যাক প্রশিক্ষণ/কর্মশালা অনুষ্ঠিত | কার্যক্রম চলমান ৩১-১০-২০২৪, ৩০-০১-২০২৫, ৩০-০৪-২০২৫ তারিখে ফিডব্যাক সভা/কর্মশালা অনুষ্ঠিত হবে। |
| ৭ | ২.১. ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ২.১.১. ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ৩১-০৭-২০২৪ | ৩১-০৭-২০২৪ ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত |
| ৮ | ২.২. অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | ২.২.১. ক্রয় পরিকল্পনা (রাজস্ব বাজেট) বাস্তবায়িত | ১০০% | ১ম কোয়ার্টারে ২% ক্রয় পরিকল্পনা (রাজস্ব বাজেট) বাস্তবায়িত |
| | | ২.২.২. ক্রয় পরিকল্পনা (উন্নয়ন বাজেট) বাস্তবায়িত | ১০০% | ১ম কোয়ার্টারে ২% ক্রয় পরিকল্পনা (উন্নয়ন বাজেট) বাস্তবায়িত |
| ৯ | ২.৩. বাজেট বাস্তবায়ন | ২.৩.১. বাজেট বাস্তবায়িত | ১০০% | ১ম কোয়ার্টারে ২% বাজেট বাস্তবায়িত |
| ১০ | ২.৪. প্রকল্পের PIC সভা আয়োজন | ২.৪.১. সভা আয়োজিত | ৪টি সভা | সভা অনুষ্ঠিত হয়েছে |
| ১১ | ২.৫. প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা হবে। | ২.৫.১. প্রকল্পের সম্পদ (কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তরিত | ৩০-০৬-২০২৫ | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (কম্পিউটার, আসবাবপত্র) বিধি মোতাবেক হস্তান্তর করা হবে। |
| | | ২.৫.২. প্রকল্পের সম্পদ (যানবাহন) বিধি মোতাবেক হস্তান্তরিত | ৩০-০৬-২০২৫ | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন) বিধি মোতাবেক হস্তান্তর করা হবে। |
| ১২ | ৩.১. সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | ৩.১.১. প্রত্যয়ন সংযুক্তি (১) | ১টি প্রত্যয়ন | মহাপরিচালক মহোদয়ের প্রতিস্বাক্ষরিত প্রত্যয়ন ৪র্থ কোয়ার্টারে প্রদান করা হবে। |
| ১৩ | ৩.২. মাঠ পর্যায়ে বরাদ্দকৃত বাজেট পাবলিক প্রকিউরমেন্ট আইন, বিধিমালা ও অন্যান্য আর্থিক পরিপত্র অনুযায়ী সঠিকভাবে বাস্তবায়নের নিমিত্তে জেলা পর্যায়ের অফিস পরিবীক্ষণ | ৩.২.১. পরিবীক্ষণকৃত সংযুক্তি (১) | ৪টি পরিবীক্ষণকৃত প্রতিবেদন | কোন প্রতিবেদন পাওয়া যায় নি। |
| ১৪ | ৩.৩. হার পাওয়ার (Her Power) প্রকল্পের আওতায় চলমান প্রশিক্ষণের সরজমিন পরিবীক্ষণ | ৩.৩.১. পরিবীক্ষণকৃত সংযুক্তি (১) | ৪টি পরিবীক্ষণকৃত প্রতিবেদন | কোন প্রতিবেদন পাওয়া যায় নি। |
| ১৫ | ৩.৪. ইডিসি (EDC) প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে বাস্তবায়নাধীন জয় সেট (SET) সেন্টারের ভৌত কাঠামো বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন | ৩.৪.১. পরিদর্শন সংক্রান্ত ছবিসহ স্বাক্ষরিত প্রতিবেদন সংযুক্তি (১) | ৪টি পরিদর্শন সংক্রান্ত ছবিসহ স্বাক্ষরিত প্রতিবেদন | কোন প্রতিবেদন পাওয়া যায় নি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | ৩.৫. স্টোর ম্যানেজমেন্ট মডিউল প্রস্তুত করণ | ৩.৫.১. প্রস্তুতকৃত স্টোর ম্যানেজমেন্ট মডিউল সংযুক্তি (১) | ৩০-০৬-২০২৫ | কার্যক্রম শুরু হয় নি। |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮-১১-২০২৪
মোহাম্মদ আনোয়ার উদ্দিন
মহাপরিচালক
+৮৮ ০২-৪১০২৪০৭২ (ফোন)
+৮৮ ০২-৫৫০০৬৮৮২ (ফ্যাক্স)
dg@doict.gov.bd

**নম্বর:** ৫৬.০৪.০০০০.০০৮.১৬.০৫৫.১৭.৯৭৯

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
২। সিস্টেম ম্যানেজার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৩। পরিচালক, অর্থ ও প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৪। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। উপ-পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৬। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), অর্থ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৭। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৯। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
১০। অফিস কপি।

২৮-১১-২০২৪
তাপসী রাবেয়া
উপ-পরিচালক